দৈনিক সংবাদ

তারিখ ...13 APR 1997 ..

পৃষ্ঠা ... কলাম

# নয়া এডিপিতে সাড়ে বারশ' কোটি টাকা বরাদ্দ বাড়ছে ঃ শীর্ষে শিক্ষা খাত

প্রফুল্ল কুমার ভক্ত ॥ আগামী ১৯৯৭–৯৮ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) মোট ১৩ হাজার ৭শ' ৫০ কোটি টাকা বরাদ্দ করা হতে পারে। এই বরাদ্দ চলতি ১৯৯৬–৯৭ অর্থবছরের এডিপি থেকে ১ হাজার ২শ' ৫০ কোটি টাকা এবং গত ১৯৯৫–৯৬ অর্থবছরের এডিপি'র চাইতে ৩ হাজার ৩শ' ৩ কোটি টাকা বেশি।

আগামী ১৯৯৭–৯৮ অর্থবছরের প্রস্তাবিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রস্তাবনায় যেসব উদ্দেশ্যের কথা বলা হয়েছে তা হলোঃ দেশের দারিদ্র্য দূরীকরণ, উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টি, সমাজের অনগ্রসর অংশ, বিশেষত মহিলাদের জাতীয় উন্নয়ন প্রক্রিয়ার মূল স্রোতধারায় সম্পৃক্ত করা, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, শিক্ষার উন্নয়ন, মানব সম্পদের সুষ্ঠু ব্যবহার, জনসংখ্যা নিয়ন্ত্রণ, স্বাস্থ্য সেবা বৃদ্ধি, পল্লী এলাকার যোগাযোগ ও পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন, বেসরকারি বিনিয়োগের উপযোগী সুষ্ঠু পরিবেশ সৃষ্টি ইত্যাদি। আগামী অর্থবছরের এডিপিতে স্থানীয় মুদ্রা ৮ হাজার ১শ' ২৭ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৫ হাজার ৬শ' ২৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। চলতি অর্থবছরের এডিপিতে ১২ হাজার ৫শ' কোটি টাকা বরাদ্দ আছে। তার মধ্যে ৭ হাজার ৩শ' কোটি টাকার স্থানীয় মুদ্রা এবং ৫ হাজার ২শ' কোটি টাকার প্রকল্প সাহায্য। ১৯৯৫–৯৬ অর্থবছরে ৫ হাজার ৯শ' ৮৭ কোটি টাকার স্থানীয় মুদ্রা ও ৪ হাজার ৪শ' ৬০ কোটি টাকার প্রকল্প সাহায্য মিলিয়ে মোট ১০ হাজার ৪শ' ৪৭ কোটি টাকা বরাদ্দ ছিল। আগামী অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সবচেয়ে বেশি অর্থ বরাদ্দের প্রস্তাব করা হয়েছে শিক্ষা ও ধর্ম খাতে, যা ১ হাজার ৯শ' ৩৮ কোটি ৬০ লাখ টাকা। এর মধ্যে স্থানীয় মুদ্রা ১ হাজার ২শ' ৯৯ কোটি ৮৭ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৬শ' ৩৮ কোটি ৭৩ লাখ টাকা। চলতি অর্থবছরে এই খাতে বরাদ্দ আছে ১ হাজার ৭শ' ৫৮ কোটি ২১ লাখ টাকা। তারমধ্যে স্থানীয় মুদ্রা ১ হাজার ১শ' ৬৮ কোটি ৯৯ লাখ টাকা ও প্রকল্প সাহায্য ৫শ' ৮৯ কোটি ২২ লাখ টাকা। গত ১৯৯৫–৯৬ অর্থবছরে এই খাতে ৯শ' ৩০ কোটি ৫৫ লাখ টাকার স্থানীয় মুদ্রা ও ৪শ' ৫৯ কোটি ২ লাখ টাকার প্রকল্প সাহায্য মিলিয়ে মোট ১ হাজার ৩শ' ৮৯ কোটি ৫৭ লাখ টাকা বরাদ্দ ছিল। বরাদ্দের দিক থেকে দ্বিতীয় স্থানে থাকছে পরিবহন খাত। এই খাতে মোট ১ হাজার ৪শ' ৫৫ কোটি ২০ লাখ এডিপি ঃ পৃঃ ১১ কঃ ৩

## এডিপি ঃ

(১ম পৃষ্ঠার পর)

টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে স্থানীয় মুদ্রা ৮শ' ৯৪ কোটি ৪০ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৫শ' ৬০ কোটি ৮০ লাখ টাকা। যমুনা সেতু নির্মাণ খাতে আগামী অর্থবছরে এডিপিতে ১ হাজার ১শ' ৫৬ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে স্থানীয় মুদ্রা ৩শ' ৩৪ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৮শ' ২২ কোটি টাকা।

আগামী অর্থবছরের এডিপিতে বিদ্যুৎ খাতে ১ হাজার ৪শ' ২২ কোটি ১৬ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তার মধ্যে স্থানীয় মুদ্রা ৮শ' ৪৩ কোটি ২১ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৫শ' ৭৮ কোটি ৯৫ লাখ টাকা। চলতি ১৯৯৬–৯৭ অর্থবছরে বিদ্যুৎ খাতে ১ হাজার ২শ' ৬১ কোটি ৮২ লাখ টাকা বরাদ্দ আছে। তার মধ্যে স্থানীয় মুদ্রা ৭শ' ২৭ কোটি ২৫ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৫শ' ৩৪ কোটি ৫৭ লাখ টাকা। গত অর্থবছরে বিদ্যুৎ খাতে ১ হাজার ২শ' ১৯ কোটি ৯৫ লাখ টাকা বরাদ্দ ছিল। তার মধ্যে স্থানীয় মুদ্রা ছিল ৬শ' ৭৩ কোটি ২৪ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৫শ' ৪৬ কোটি ৭১ লাখ টাকা। পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে চলতি অর্থবছরের তুলনায় আগামী অর্থবছরের এডিপিতে বরাদ্দ বাড়ানো প্রস্তাব করা হয়েছে। চলতি ১৯৯৬–৯৭ অর্থবছরের এডিপিতে এই খাতে বরাদ্দ আছে মোট ৯শ' ৬৭ কোটি ৯৩ লাখ টাকা। তার মধ্যে স্থানীয় মুদ্রা ৪শ' ৬৪ কোটি ৬৬ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৫শ' ৩ কোটি ২৭ লাখ টাকা। আগামী অর্থবছরের এডিপিতে এই খাতে ১ হাজার ৪২ কোটি ৪৪ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। তার মধ্যে স্থানীয় মুদ্রা ৫শ' ১৬ কোটি ৫৬ লাখ টাকা এবং প্রকল্প সাহায্য ৫শ' ২৫ কোটি ৮৮ লাখ টাকা। গত অর্থবছরের এডিপিতে এই খাতে ৪শ' ৯ কোটি ৭১ লাখ টাকার স্থানীয় মুদ্রা এবং ৩শ' ১৭ কোটি ৪৪ লাখ টাকার প্রকল্প সাহায্যসহ মোট ৭শ' ২৭ কোটি ১৫ লাখ টাকা বরাদ্দ ছিল।

পানি সম্পদ খাতেও বরাদ্দ বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। ১৯৯৫–৯৬ অর্থবছরে পানি সম্পদ খাতে ৭শ' ৪৭ কোটি ৭৯ লাখ টাকা বরাদ্দ ছিল। চলতি অর্থবছরের এডিপিতে এই খাতে ৯শ' ২৩ কোটি ৪৭ লাখ টাকা বরাদ্দ আছে। আগামী ১৯৯৭–৯৮ অর্থবছরের এডিপিতে ১ হাজার ৭ কোটি ৯৬ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

কৃষি খাতে গত ১৯৯৫–৯৬ অর্থবছরের তুলনায় আগামী ১৯৯৭–৯৮ অর্থবছরের এডিপিতে বরাদ্দ ২শ' ৩৩ কোটি ২২ লাখ টাকা বাড়তে পারে। ১৯৯৫–৯৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৫শ' ২৮ কোটি ১৯ লাখ টাকা বরাদ্দ ছিল। আগামী ১৯৯৭–৯৮ অর্থবছরের এডিপিতে এই খাতে ৭শ' ৬১ কোটি ৪১ লাখ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। চলতি অর্থবছরের এডিপিতে এই খাতে ৭শ' ২৪ কোটি ১৫ লাখ টাকা বরাদ্দআছে।